যুগান্তর

তারিখ 16 MAY 2015
পৃষ্ঠা ... কলাম ...

জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

সূত্র নং-৩৬(০০৩) জাতী: বি:/এম. ফিল ও পিএইচ ডি/ ২০০৬/১/২৫৭০ তারিখ : ১৪/০৫/২০১৫

# এম ফিল প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৫-২০১৬ সেশনে এম ফিল প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| গ্রুপ | ভর্তির বিষয়সমূহ |
|---|---|
| আর্টস | বাংলা, ইংরেজী, আরবি, সংস্কৃত, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি। |
| সোশ্যাল সায়েন্স | সমাজবিজ্ঞান, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান |
| ন্যাচারাল সায়েন্স | পদার্থবিজ্ঞান, রসায়ন ও পরিসংখ্যান। |
| লাইফ এন্ড আর্থ সায়েন্স | প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, মৃত্তিকাবিজ্ঞান। |

বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ রাজনৈতিক অর্থনৈতিক, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

১. ভর্তির শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী

ক. প্রার্থীর সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় আলাদাভাবে ন্যূনপক্ষে ৫০% নম্বর থাকতে হবে। তবে বাংলা ও ইংরেজী বিষয়ের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় গড়ে ৫০% নম্বরধারীগণ আবেদন করতে পারবেন।

অথবা

খ. স্নাতক (পাস)সহ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় আলাদাভাবে কমপক্ষে ৫৫% নম্বর থাকতে হবে। তবে বাংলা ও ইংরেজী বিষয়ের ক্ষেত্রে ৫০% নম্বরপ্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রিধারীগণ আবেদন করতে পারবেন। CGPA এর ক্ষেত্রে নিম্নরূপ নিয়ম অনুসরণ করা হবে।

| এসএসসি/এইচএসসি বা সমমান | অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জিপিএ এর ক্ষেত্রে অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি বা বিভাগ |
|---|---|---|---|
| ৫.০০ স্কেল | ৪.০০ স্কেলে | ৫.০০ স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | জিপিএ ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় |
| জিপিএ ১.০০ বা তদূর্ধ্ব কিন্তু ২.০০ এর কম | জিপিএ ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | জিপিএ ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় |

গ. আবেদনকারী শুধুমাত্র তাঁর স্নাতকোত্তর বিষয়ে এম ফিল প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

ঘ. আবেদনের সাথে একাধিক গবেষণা শিরোনাম জমা দিতে হবে।

ঙ. এম ফিল প্রোগ্রামে প্রথম বর্ষের তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনপক্ষে ৬০% নম্বর গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এই মর্মে সুপারভাইজার-এর সুপারিশ এবং এম ফিল কোর্সওয়ার্ক চলাকালীন স্বীকৃতমানের জার্নালে ১টি গবেষণামূলক প্রকাশনা থাকলে, গবেষক পিএইচডি প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন।

চ. ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত কলেজ/ ইনস্টিটিউটের শিক্ষকদের অগ্রাধিকার দেয়া হবে।

২. প্রোগ্রামের মেয়াদ

এক বছরের কোর্স ওয়ার্কসহ এম ফিল শিক্ষাকার্যক্রমের মেয়াদ ০২ (দুই) বছর।

৩. ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী

ক. ফেলোশিপ প্রাপ্তির ক্ষেত্রে ভর্তির আবেদনের শেষ তারিখে বয়স অনধিক চল্লিশ বছর হতে হবে। ফেলোশিপ ব্যতীত ভর্তির ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়।

খ. এম ফিল প্রোগ্রামে প্রতিটি বিষয়ে ১টি করে ফেলোশিপ দেয়া হবে। ফেলোশিপের হার মাসিক ৪,০০০.০০ (চার হাজার) টাকা। সর্বোচ্চ ২ বছরের জন্য ফেলোশিপ দেয়া হবে।

গ. ফেলোশিপের জন্য কেবল জাতীয় বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী ও বেসরকারী কলেজ/ ইনস্টিটিউটের পূর্ণকালীন শিক্ষকগণ আবেদন করতে পারবেন। অধিভুক্ত কলেজের শিক্ষক নন এমন শিক্ষার্থীগণ ফেলোশিপ ব্যতীত পূর্ণকালীন গবেষক হিসেবে ভর্তি হওয়ার জন্য দরখাস্ত করতে পারবেন।

ঘ. ফেলোশিপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে।

৪. আবেদন ফরম পূরণ ও জমাদান

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd) এর মাধ্যমে আগামী ১৭.০৫.২০১৫ তারিখ থেকে ২৮.০৫.২০১৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ. অনলাইনে আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীকে আবেদন ফি বাবদ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে 'রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়'-এর অনুকূলে ১,০০০.০০ (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতে হবে। উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর ও আবেদনকারীর পাসপোর্ট আকারের রঙিন ছবি আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 Pixels, Image Type: JPG এবং File Size: 50 KB (Max.)

গ. আবেদন ফরম সফলভাবে পূরণ হলে প্রার্থীগণ একটি পিন নম্বর সংবলিত আবেদন ফরম প্রিন্ট করতে পারবেন।

ঘ. সাক্ষাৎকারের দিন আবেদনকারীকে সকল সনদের ফটোকপি, পে-অর্ডার/ ডিডিসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে।

ঙ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫. আবেদনের সময়সীমা ও ভর্তি কার্যক্রম

| | | |
|---|---|---|
| ক. অনলাইনে আবেদন ফরম পূরণ | : | ১৭/০৫/২০১৫ থেকে ২৮/০৫/২০১৫ |
| খ. সাক্ষাৎকারের সময় | : | ০১/০৬/২০১৫ থেকে ০৪/০৬/২০১৫ |
| গ. ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | : | ০৮/০৬/২০১৫ |
| ঘ. ভর্তির তারিখ | : | ০৯/০৬/২০১৫ থেকে ১৮/০৬/২০১৫ |
| ঙ. কোর্সওয়ার্ক শুরুর তারিখ | : | ০১/০৭/২০১৫ |

৬. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন ফরম গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্র: ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক গ্রুপের সাথে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করা যাবে। আর্টস গ্রুপ- ০১৭১৮৪১১১০৯, সোশ্যাল সায়েন্স গ্রুপ-০১৯১১০১০১৩০, ন্যাচারাল সায়েন্স গ্রুপ-০১৭৪২৮৪৬৪১৪, লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ-০১৭১২০৭৬২৮০, বিজনেস স্টাডিজ গ্রুপ-০১৭১২৫৯১৮০৭।

প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৭৪

ডিজি-৯৬৫/১৫ (১৫"x৩)